দৈনিক ইত্তেফাক

তারিখ 28 JAN 1992
পৃষ্ঠা ৮ কলাম ৪

(২০)

০১

# ওসমানী মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

সিলেট অফিস ॥ তীব্র ছাত্র উত্তেজনার মুখে গতকাল সিলেট ওসমানী মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা ও সন্ধ্যা ৬টার মধ্যে সকল ছাত্রাবাস ত্যাগ করার জন্য ছাত্র-ছাত্রীদের নির্দেশ দেওয়া হয়।

রবিবার রাত্রে কলেজ ও ছাত্রাবাস ক্যাম্পাসে ছাত্রলীগ (আ-অ) ও ছাত্রদল কর্মীদের মধ্যে কয়েক দফা ধাওয়া-পাল্টা ধাওয়া চলে। এই সময় গুলী ও ককটেল বিস্ফোরিত হয়। কেহ আহত হয় নাই। ছাত্রাবাসের কয়েকটি কক্ষ তছনছ ভাংচুর হয়। এই ঘটনায় ছাত্রদের মধ্যে ব্যাপক উত্তেজনা ছড়াইয়া পড়ে। জানা যায়,

( ১১শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

## ওসমানী মেডিক্যাল কলেজ

( ১ম পৃঃ পর )

বিবদমান দুইটি ছাত্র সংগঠনের দুইজন কর্মীর মধ্যে একটি ঘটনায় কথা কাটাকাটির জের ধরিয়া উভয় দলের কর্মীদের মধ্যে উত্তেজনার সৃষ্টি হয়। গতকাল এ ব্যাপারে কলেজ একাডেমিক কাউন্সিলের জরুরী সভায় পরিস্থিতি নিয়া আলোচনা হয় এবং পরিস্থিতির আরও অবনতি ঘটার আশঙ্কায় সভায় কলেজ বন্ধ ও ছাত্রদের ছাত্রাবাস ত্যাগের নির্দেশদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।